কৃষিই সমৃদ্ধি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মেহেরপুর।
ddae.meherpur@gmail.com

## জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অক্টোবর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: শামীম হাসান, জেলাপ্রশাসক, মেহেরপুর
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মেহেরপুর
তারিখ : ২৯-১০-২০২৩ খ্রি.
সময় : সকাল ১০:০০ ঘটিকা।
সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মেহেরপুর উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রমিক নম্বর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা</th></tr>
<tr><td>০১</td><td>সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর, কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখার স্মারক নম্বর-১২.০০.০০০০.০৩০.৪০.০০৯.২২.৯৩ তারিখঃ ১২-০৯-২০২৩ খ্রি. মোতাবেক অক্টোবর-২০২৩ খ্রি. মাসের নন-ইউরিয়া সারের উপজেলাওয়ারী উপবরাদ্দের বিভাজন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>অক্টোবর ২০২৩ খ্রি. মাসের নন-ইউরিয়া সারের বরাদ্দের বিবরণ:
<table>
<tr><th>ক্রম</th><th>উপজেলার নাম</th><th>বিসিআইসি বরাদ্দ (মে.টন)</th><th>বিএডিসি বরাদ্দ (মে.টন)</th><th>মোট বরাদ্দ (মে.টন)</th></tr>
<tr><td>০১</td><td>মেহেরপুর সদর</td><td>৮৯</td><td>৪৬৬</td><td>৫৫৫</td></tr>
<tr><td>০২</td><td>মুজিবনগর</td><td>৫৫</td><td>২৮৮</td><td>৩৪৩</td></tr>
<tr><td>০৩</td><td>গাংনী</td><td>৯৪</td><td>৪৯৭</td><td>৫৯১</td></tr>
<tr><td colspan="2">জেলার মোট</td><td>২৩৮</td><td>১২৫১</td><td>১৪৮৯</td></tr>
</table>
<table>
<tr><th rowspan="2">ক্র: নম্বর</th><th rowspan="2">উপজেলার নাম</th><th colspan="4">ডিএপি</th></tr>
<tr><th>বিসিআইসি বরাদ্দ (মে.টন)</th><th>বিএডিসি বরাদ্দ (মে.টন)</th><th>বেসরকারি বরাদ্দ (মে.টন)</th><th>মোট বরাদ্দ (মে.টন)</th></tr>
<tr><td>০১</td><td>মেহেরপুর সদর</td><td>১১৮</td><td>২৬৮</td><td>১২৮</td><td>৫১৪</td></tr>
<tr><td>০২</td><td>মুজিবনগর</td><td>৫৫</td><td>১২৪</td><td>৬০</td><td>২৩৯</td></tr>
<tr><td>০৩</td><td>গাংনী</td><td>১৪৯</td><td>৩৩৮</td><td>১৬২</td><td>৬৪৯</td></tr>
<tr><td colspan="2">জেলার মোট</td><td>৩২২</td><td>৭৩০</td><td>৩৫০</td><td>১৪০২</td></tr>
</table>
</td><td>অক্টোবর ২০২৩ খ্রি. মাসের বরাদ্দের উপজেলাওয়ারী টিএসপি, ডিএপি ও এমওপি সারের উপবরাদ্দের বিভাজন অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও উপজেলা কৃষি অফিসার (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নম্বর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th rowspan="2">ক্রম</th><th rowspan="2">উপজেলার নাম</th><th colspan="3">এমওপি</th></tr>
<tr><th>বিসিআইসি বরাদ্দ (মে.টন)</th><th>বিএডিসি বরাদ্দ (মে.টন)</th><th>মোট বরাদ্দ (মে.টন)</th></tr>
<tr><td>০১</td><td>মেহেরপুর সদর</td><td>০০</td><td>৪৪৯</td><td>৪৪৯</td></tr>
<tr><td>০২</td><td>মুজিবনগর</td><td>০০</td><td>১৬৮</td><td>১৬৮</td></tr>
<tr><td>০৩</td><td>গাংনী</td><td>০০</td><td>৪৬৬</td><td>৪৬৬</td></tr>
<tr><td colspan="2">জেলার মোট</td><td>০০</td><td>১০৮৩</td><td>১০৮৩</td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>০২</td><td>সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর ইউরিয়া ও নন-ইউরিয়া সারের মজুদ পরিস্থিতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। তিনি আরও জানান খরিপ-২/২০২৩-২৪ মৌসুমের কার্যক্রম বাস্তবায়নের কাজ অব্যাহত আছে। রবি/২০২৩-২৪ মৌসুমের কার্যক্রম বাস্তবায়নে প্রচুর ইউরিয়া ও নন-ইউরিয়া সারের প্রয়োজন হবে। তাই কৃষকের চাহিদা মোতাবেক সার সরবরাহের নিমিত্তে মাসের বরাদ্দকৃত সার নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা জমা দিয়ে সার উত্তোলনের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি জেলার সকল বিসিআইসি ও বিএডিসি ডিলারগণকে অনুরোধ জানান।<br><br>সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর সভায় আরও জানান সদ্য নিয়োগপ্রাপ্ত গাংনী উপজেলার সকল খুচরা সার বিক্রেতাগণসহ মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ডিলারগণ যেন সঠিকভাবে সার বিক্রয় ও রেজিস্টার সংরক্ষণ করে সে বিষয়ে সকল উপজেলা কৃষি অফিসারকে নির্দেশনা প্রদান করেন।</td><td>মাসের বরাদ্দকৃত সার নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা জমা দিয়ে উত্তোলন নিশ্চিত করতে হবে।<br>সারের কোন কৃত্রিম সংকট না হয় সে বিষয়ে নজরদারী অব্যাহত রাখতে হবে। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের বেশি মূল্যে সার বিক্রি করা যাবে না। নির্দিষ্ট মাসের বরাদ্দকৃত সার ঐ মাসের মধ্যেই উত্তোলন করতে হবে।<br>সকল ডিলারের দোকানে সারের মূল্য তালিকা লাল সালুতে প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং খুচরা সার বিক্রেতাগণের দোকানে এসএএওগণকে ট্যাগ করে নিয়মিত পর্যবেক্ষণের মধ্যে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সকল ডিলার (বিসিআইসি, বিএডিসি, ও খুচরা) এর স্টক রেজিস্টার ও বিক্রি রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উপজেলা কৃষি কর্মকর্তাগণ নিয়মিতভাবে মনিটরিং করে মাসিক প্রতিবেদন জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>ও<br>উপজেলা কৃষি অফিসার (সকল)</td></tr>
</table>

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৩ | জেবিটি সীড কোম্পানীর বাঁধাকপির বীজ ক্রয় করে ক্ষতিগ্রস্থ কৃষকগণের অভিযোগের প্রেক্ষিতে কী ব্যবস্থা নেওয়া হয়েছে সে বিষয়ে সভাপতি বক্তব্য আহবান করেন।<br><br>উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর জানান জেবিটি সীড কোম্পানির বাঁধাকপির বীজ আবাদে ক্ষতিগ্রস্থ কৃষকগণকে জেবিটির কোম্পানির পক্ষ থেকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। | জেবিটি সীড কোম্পানীর বীজ আবাদকৃত ক্ষতিগ্রস্থ কৃষকদের ক্ষতি পূরণ দেওয়ার বিষয়টি সরেজমিনে তদন্ত করে কতজন কৃষককে কি পরিমাণ ক্ষতিপূরণ দেওয়া হয়েছে তার প্রতিবেদন জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর। |
| ০৪ | জেলা খুচরা সার ডিলার এসোসিয়েশন এর সভাপতি মো: শাহিনুল ইসলাম জানান বিসিআইসি নিবন্ধিত ডিলার মোঃ হাফিজুর রহমান তার ইউনিয়নের খুচরা সার ডিলারের নিকট যে সার বিক্রয় করেন তা অধিকাংশ জমাট বাঁধা।<br><br>সভাপতি, বিসিআইসি সার ডিলার মোঃ হাফিজুর রহমান বলেন বিসিআইসি গুদাম থেকে অনেক বেশি জমাট বাঁধা সার পাওয়া গেছে। তাই খুচরা সার ডিলারকে কিছু জমাট বাঁধা সার দেওয়া হয়েছে। | বিসিআইসি সার ডিলার কর্তৃক উত্তোলিত কোন রাসায়নিক সার যদি জমাট বাঁধা হয় তবে উপজেলা কৃষি অফিসারদের উক্ত জমাট বাঁধা সার দেখানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার (সকল) ও বিসিআইসি সার ডিলার (সকল) মেহেরপুর। |
| ০৫ | সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর জানান মেসার্স সাদিয়া এন্টারপ্রাইজ, প্রো: মোঃ আমানুল্লাহ, বিএডিসি নিবন্ধিত সার ও বীজ ডিলার, বামনপাড়া, মেহেরপুর সদর এর শারীরিক অসুস্থতার কারণে তার বৈধ ওয়ারিশ মোঃ রবিউল ইসলাম (ছেলে) এর নামে ডিলারশীপ পরিবর্তনের জন্য নীতিমালা মেনে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেছেন। | মেসার্স সাদিয়া এন্টার প্রাইজের সমস্ত কাগজপত্র তদন্তের জন্য উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর বরাবর প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর। |
| ০৬ | সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর জানান মুজিবনগর উপজেলার ২(দুই) জন বিসিআইসি সার ডিলার ১। শ্রী পরেশ চন্দ্র হালদার ও ২। শ্রী অমেরেশ চন্দ্র হালদার এর বিসিআইসি ডিলারশীপ এর নিবন্ধন রেজিস্ট্রেশনের মেয়াদ ৯ (নয়) মাস পূর্বে উত্তীর্ণ হয়েছে এবং তারা রেজিস্ট্রেশন নবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেছেন। | শ্রী পরেশ চন্দ্র হালদার ও শ্রী অমেরেশ চন্দ্র হালদার এর বিসিআইসি ডিলার রেজিস্ট্রেশন সর্বসম্মতিক্রমে নবায়ন করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ শামীম হাসান
জেলাপ্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
মেহেরপুর।

স্মারক নম্বর: ১২.১৭.৫৭০০.০৪১.১৬.০০৬.২২. ১৬৭৭ তারিখ:১২/১১/২০২৩খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় সংসদ সদস্য, মেহেরপুর-১ ও মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় ও উপদেষ্টা জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মেহেরপুর।
০২। মাননীয় সংসদ সদস্য, মেহেরপুর-২ ও উপদেষ্টা জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মেহেরপুর।
০৩। সচিব, কৃষি মন্ত্রণালয় [দৃষ্টি আকর্ষণ: কৃষি অর্থনীতিবিদ, এমএসআইএস (মনিটরিং)]
০৪। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা।
০৬। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোর।
০৭। জেলাপ্রশাসক, মেহেরপুর।
০৮। পুলিশ সুপার, মেহেরপুর।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর/ মুজিবনগর/ গাংনী, মেহেরপুর।
১০। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মেহেরপুর।
১১। জেলা মৎস কর্মকর্তা, মেহেরপুর।
১২। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সি, মেহেরপুর।
১৩। যুগ্মপরিচালক (সার), বিএডিসি, কুষ্টিয়া।
১৪। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/ মুজিবনগর/ গাংনী, মেহেরপুর।
১৫। ভারপ্রাপ্ত অধিনায়ক, ৩৫ রাইফেলস ব্যাটেলিয়ান, চুয়াডাঙ্গা।
১৬। উপপরিচালক (বীঃ বিঃ), বিএডিসি কুষ্টিয়া।
১৭। উপপরিচালক, বিআরডিবি, মেহেরপুর।
১৮। জেলা সমবায় অফিসার, মেহেরপুর।
১৯। উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর/ মুজিবনগর/ গাংনী, মেহেরপুর।
২০। কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, মেহেরপুর।
২১। সভাপতি, শিল্প ও বণিক সমিতি, মেহেরপুর।
২২। সভাপতি, মেহেরপুর প্রেসক্লাব।
২৩। সভাপতি, বিএফএ, মেহেরপুর জেলা শাখা, মেহেরপুর।
২৪। মোঃ শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক, বিএফএ, মেহেরপুর (তেরাইল বাজার গাংনী, মেহেরপুর)
২৫। জনাব মোঃ জিয়াউদ্দীন বিশ্বাস, কৃষক সংগঠক, আনন্দবাস, মুজিবনগর, মেহেরপুর।
২৬। জনাব মোঃ আব্দুস সামাদ বিশ্বাস, কৃষক সংগঠক, পিরোজপুর, মেহেরপুর।
২৭। জনাব মোঃ শাহিনুল ইসলাম (শাহীন), সভাপতি, খুচরা সার বিক্রেতা সমিতি, মেহেরপুর।
২৮। জনাব মোঃ মমতাজ উদ্দিন, সাধারণ সম্পাদক, খুচরা সার বিক্রেতা সমিতি, মেহেরপুর।

১২/১১/২০২৩

বিজয় কৃষ্ণ হালদার
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ও
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মেহেরপুর।